

১৯৭১

জয়পুরহাটে দেশের প্রথম 'পারিবারিক লাইব্রেরি প্রদর্শনী'র উদ্বোধন

জয়পুরহাট থেকে নিজস্ব সংবাদদাতা : 'বর্তমান সমাজে সচট বজ্ঞ বেগি। ফাঁপা মানুষে সমাজ ভরে যাচ্ছে। সমাজকে বসবাসযোগ্য করার জন্য ও উন্নতিসম্পন্ন সকল মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে। বইপড়া-জ্ঞানচর্চা ও সংস্কৃতি চর্চার ভেতর দিয়ে প্রকৃত মানুষ হওয়ার সাধনা আমাদের করে যেতে হবে নিরন্তর। জয়পুরহাটের ঘরে ঘরে 'পারিবারিক লাইব্রেরি' গঠনের নীরব আন্দোলনকে ছড়িয়ে দিতে হবে সারাদেশে। আলো থেকে আলো জ্বলাতে হবে।' সম্প্রতি দেশের প্রথম 'পারিবারিক লাইব্রেরি প্রদর্শনী'র উদ্বোধন-কালে একথা বলেন দেশের খ্যাতনামা

লেখক-সাংবাদিক আবদুল মোমেন। তিনি প্রদীপ প্রজ্জ্বলন করে পারিবারিক লাইব্রেরি প্রদর্শনী'র উদ্বোধন করেন। বাঙালি সংস্কৃতির উদ্ধারায় চর্চা এ প্রসারের লক্ষ্যে নিবেদিত প্রতিষ্ঠান জাতীয় রবীন্দ্রসঙ্গীত সঞ্চালন পরিষদ জয়পুরহাট জেলা শাখার উদ্যোগে জয়পুরহাটের ঘরে ঘরে পারিবারিক পর্যায়ে গড়ে তোলা হচ্ছে লাইব্রেরি। গত দেড় বছরে সঞ্চালন পরিষদের উদ্যোগে জয়পুরহাট শহর ও আশপাশের এলাকায় গড়ে উঠেছে দুইশ'য়েরও বেশি 'পারি-বারিক লাইব্রেরি' বা পাঠাগার। সম্প্রতি জয়পুরহাট শহীদ জা. আবুল কাশেম ময়দানে আয়োজন করা হয় দেশের

প্রথম পারিবারিক লাইব্রেরি প্রদর্শনী। শহর ও গ্রামাঞ্চলে যাদের বাসা-বাড়িতে পারিবারিক লাইব্রেরি গড়ে উঠেছে, এমন অর্ধশতাধিক পরিবারের লাইব্রেরি এই প্রদর্শনীতে অংশ নেয়। বিভিন্ন পরিবারের শিশু-কিশোর গৃহবধু ও তরুণ-তরুণীরা তাদের নিজস্বের লাইব্রেরি সপুণ্ডিত কিছু বই প্রদর্শনীতে নিয়ে আসেন। বিপুলসংখ্যক দর্শক বিকেল থেকে রাত অবধি ঘুরে ঘুরে বিভিন্ন পরিবারের বিচিত্র সব বইয়ের সম্বন্ধ দেখেন কৌতূহল ভরে।

সঞ্চালন পরিষদের জয়পুরহাট জেলা শাখার সভাপতি অধ্যাপক আবুল হোসেনের সভাপতিত্বে শহীদ মিনারের পাদদেশে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে অংশ নেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘরের কিউরেটর অধ্যাপক শামসুল হোসাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সঙ্গীত বিভাগের শিক্ষক বিপ্রব বালা, বিশিষ্ট কণ্ঠশিল্পী ও চট্টগ্রামের ফুলকি শিক্ষায়তনের অধ্যক্ষা শীলা মোমেন। পারিবারিক লাইব্রেরির উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে বক্তব্য রাখেন সঞ্চালন পরিষদের সাধারণ সম্পাদক ও পারি-বারিক লাইব্রেরি আন্দোলনের আহ্বায়ক আমিনুল হক বাবুল। স্বাগত বক্তব্য দেন প্রদর্শনী প্রস্তুতি কমিটির আহ্বায়ক তপন কুমার খাঁ।



জয়পুরহাটে দেশের প্রথম পারিবারিক লাইব্রেরি প্রদর্শনীতে বিভিন্ন পরিবারের টলে আনা বই দেখছেন কবি-সাংবাদিক আবুল মোমেন

- সংবাদ

উল্লেখ্য, আগামী তিন বছরে জেলায় এক হাজার বাসাবাড়িতে পারিবারিক লাইব্রেরি গড়ে তোলার লক্ষ্যে সঞ্চালন পরিষদ কাজ করে যাচ্ছে।